

*** ডায়াবেটিসে আক্রান্ত 80 জন রোগীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

ওজন (কেজি)	60	65	70	75	80	85	90
গণসংখ্যা	10	25	30	9	3	2	1

- ক. প্রচুরক কাকে বলে? ২
 খ. উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর। ৪
 গ. গাণিতিক গড় নির্ণয় কর। ৪

*** একটি গ্রামের 60টি পরিবারের আমন ধানের উৎপাদনের (মণে) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

উৎপাদন (মণে)	50-60	60-70	70-80	80-90	90-100
গণসংখ্যা	10	18	20	8	4

- ক. গণসংখ্যা বহুভুজ বলতে কি বুঝায়? ২
 খ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ আঁক। ৪
 গ. আয়তলেখের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

*** নিচের একটি গণসংখ্যা সারণি দেওয়া হলো :

শ্রেণি ব্যাপ্তি	11-20	21-30	31-40	41-50	51-60
গণসংখ্যা	4	16	20	25	15

- ক. শ্রেণিগুলোর মধ্যবিন্দু ও ক্রমোযোজিত গণসংখ্যা নির্ণয় কর। ২
 খ. সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় কর। ৪
 গ. মধ্যক নির্ণয় কর। ৪

*** ১০ম শ্রেণির শিক্ষার্থীদের গণিত বিষয়ের প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিম্নরূপ :

প্রাপ্ত নম্বর	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	8	10	15	12	5

- ক. চলকের পরিচয়সহ সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয়ের সূত্রটি লিখ। ২
 খ. প্রাপ্ত নম্বরের মধ্যক নির্ণয় কর। ৪
 গ. প্রদত্ত উপাত্ত থেকে আয়তলেখ অঙ্কন কর। ৪

*** তোমার শ্রেণির ২৫ জন ছাত্রের বাংলায় প্রাপ্ত নম্বর নিম্নরূপ :

60, 55, 58, 45, 60, 65, 80, 70, 46, 60, 65, 70, 58, 60, 68, 70, 45, 85, 60, 50, 46, 65, 55, 61, 72.

- ক. শ্রেণি ব্যাপ্তি ৫ ধরে গণসংখ্যা নির্ণয় কর। ২
 খ. শ্রেণি ব্যাপ্তি ৫ ধরে গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ৪
 গ. গণসংখ্যা নিবেশন সারণির সাহায্যে গড় ও প্রচুরক নির্ণয় কর। ৪

*** দশম শ্রেণির সাময়িক পরীক্ষার গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা সারণি নিচে দেওয়া হলো-

শ্রেণি ব্যাপ্তি	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	6	12	16	24	12	8	2

*** কোনো বিদ্যালয়ের ৪০ জন ছাত্রের গণিতের নম্বর দেওয়া হলো :

55, 65, 30, 90, 75, 40, 60, 88, 65, 40, 90, 75, 70, 70, 60, 95, 85, 80, 35, 45, 40, 50, 60, 55, 65, 45, 85, 30, 90, 85, 75, 77, 70, 91, 57, 60, 55, 65, 56, 40.

- ক. বিন্যস্ত উপাত্তের মধ্যক নির্ণয়ের সূত্রটি লেখ। ২
 খ. গণসংখ্যা নিবেশন সারণি তৈরি কর। ৪
 গ. সারণি থেকে মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। ৪

*** 50টি পরিবারের মাসিক খরচের (হাজার টাকায়) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

খরচ (হাজার টাকায়)	1-3	3-5	5-7	7-9	9-11
গণ সংখ্যা	10	8	15	13	4

- ক. প্রচুরক শ্রেণি এবং পরবর্তী শ্রেণির গণসংখ্যা পার্থক্য কত? ২
 খ. প্রদত্ত গণসংখ্যা নিবেশন থেকে প্রচুরক নির্ণয় কর। ৪
 গ. মধ্যক নির্ণয় কর। ৪

*** কোনো বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষায় ৯ম শ্রেণির 50 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরগুলো নিম্নরূপ :

76, 65, 98, 79, 64, 68, 56, 73, 83, 57, 55, 92, 45, 77, 87, 46, 32, 75, 89, 48, 97, 88, 65, 73, 93, 58, 41, 69, 63, 39, 84, 56, 45, 73, 93, 62, 67, 69, 65, 53, 78, 64, 85, 53, 73, 34, 75, 82, 67, 62.

- ক. প্রচুরক বের করো। ২
 খ. উপর্যুক্ত শ্রেণি ব্যাপ্তি নিয়ে গণসংখ্যা নিবেশন তৈরি কর। ৪
 গ. সংক্ষিপ্ত পদ্ধতিতে প্রাপ্ত নম্বরের গড় নির্ণয় কর। ৪

সাপ্তাহিক জমানো টাকা	71-80	81-90	91-100	101-110	111-120	121-130	131-140	141-150
শ্রমিক সংখ্যা	12	18	35	42	50	45	20	8

- ক. ক্রমোযোজিত গণসংখ্যার সারণি বের করো। ২
 খ. গড় বের করো এবং মধ্যক বের করো। ৪
 গ. প্রচুরক বের করো। ৪

*** ১০ম শ্রেণির 60 জন ছাত্রের ওজন (কেজি) এর গণসংখ্যা সারণিতে দেওয়া আছে :

ওজন (কেজি)	46-50	51-55	56-60	61-65	66-70
গণসংখ্যা	5	10	20	15	10

- ক. সারণি হতে ক্রমোযোজিত গণসংখ্যা বের করো। ২
 খ. গণসংখ্যা নিবেশনের আয়তলেখ এবং আয়তলেখের গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

গ. মধ্যক ও প্রচুরক নির্ণয় করো। ৪